

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৯৩

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ আমরা যেদিকে ইঙ্গিত করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে তৃতীয় হাদীস

ذِكْنُ خَبَرٍ ثَالِثٍ يُبَيِّنُ صِحَّةَ مَا أَوْمَأْنَا إليه

আরবী

3293 _ أَخْبَرَنَا أَبُو الْحَسَنِ أَحْمَدُ بْنُ عُمَيْرِ بْنِ يُوسُفَ بْنِ جُوصَا بِدِمَشْقَ وَعُمَرُ بْنُ مُحَمَّدِ بْنِ يُوسُفَ بْنِ بُجَيْرٍ الْهَمْدَانِيُّ قَالَا: حَدَّقَنَا كَثِيرُ بْنُ عُبَيْدٍ قَالَ: حَدَّقَنَا أَبُو حَيْوَةَ شُرَيْحُ بْنُ يَزِيدَ قَالَ: حَدَّقَنَا أَرْطَاةُ بْنُ الْمُنْذِرِ عَنِ المعلَّى بْنِ إِسْمَاعِيلَ الْمَدَنِيِّ عَنْ نَافِعِ شُرَيْحُ بْنُ يَزِيدَ قَالَ: أَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِزَكَاةِ الْفِطْرِ صَاعًا مِنْ تمرٍ أَوْ عَبِرٍ أَوْ عَبِدٍ قَالَ ابْنُ عُمَرَ ثُمَّ إِنَّ النَّاسَ صَعَيْرٍ أَوْ كَبِيرٍ حُرِّ أَوْ عَبِدٍ قَالَ ابْنُ عُمَرَ ثُمَّ إِنَّ النَّاسَ جَعَلُوا عِدْلَ ذَلِكَ مُدَّين مِنْ قَمْحِ

الراوي: ابْن عُمرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3293 | خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود)) ((1432): خ مختصراً.

বাংলা

৩২৯৩. আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছোট, বড় স্বাধীন ও দাস প্রত্যেক মুসলিমের উপর এক সা' খেজুর অথবা এক সা' যব রমযানের যাকাতুল ফিতর আদায় করার নির্দেশ দিয়েছেন।

আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, "তারপর লোকজন তার পরিবর্তে দুই মুদ বা অর্ধ সা' গম প্রদান করেন।"[1]

ফুটনোট



[1] দারাকুতনী: ২/১৪০; মুসনাদ আহমাদ: ২/৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৭২; দারেমী: ১/৩৯২; সহীহুল বুখারী: সহীহ মুসলিম: ৯৮৪; আবূ দাউদ: ১৬১৩; সহীহ ইবনু খুযাইমাহ: ২৩৯৩; তাহাবী: ২/৪৪; সুনান বাইহাকী: ৪/১৫৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৪৩২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন